775/Beng.(C)N.S UG/6th Sem/BENG-G-DSE-T-2/26

# ২০২৬

# বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

[CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘আজও সেই নিয়ম চলে আসছে’— কার লেখা কোন গল্পের অন্তর্গত? কোন নিয়মের কথা বলা হয়েছে?

খ) ‘ইচ্ছামতী’ গল্পটি কার লেখা? সাহিত্যের কোন ধারার ছোটগল্প এটি?

গ) ‘ ঘুমন্তপুরী ’ রচনাটির লেখকের নাম লেখো। এটা কী ধরনের রচনা?

ঘ) ‘সেই খুড়ো আজ কল করেছেন আপন বুদ্ধি বলে’— সেই কলটির বৈশিষ্ট্য কী?

ঙ) শিবঠাকুরের দেশে হাঁচির নিয়ম কী ছিল? নিয়ম ভাঙার শাস্তিই বা কী কী ছিল?

চ) ‘বাপ্পাদিত্য ’ রচনাটির লেখক কে? সাহিত্যিক ছাড়া তিনি আর কোন্ পরিচয়ে পরিচিত?

(পরের পাতায়)

ছ) শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের পাঠ্য গল্পের গোয়েন্দা চরিত্র কী বিষয়ে তদন্ত করেছিলেন?

জ) 'তদন্ত' গল্পে চার বন্ধুর নাম লেখো।

ঝ) " হাতি বলে, এই বেলা জঙ্গলে চলো ভাই "— কোন রচনার অংশ? লেখকের নাম লেখো।

ঞ) শৈলেন কে? শৈলেনের কাছে পথিক কী বলেছিলেন?

ট) 'দুই রাণীর দুই ছেলে'— দুই রাণীর দুই ছেলের নাম কী ছিল?

ঠ) গোয়েন্দা বরদাচরণের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ড) 'হাতিমি' কোন কোন প্রাণির সংমিশ্রণে তৈরি?

ঢ) বিমানবিহারীর সাথে সবুজ বাক্সে কী কী ছিল?

ণ) ফেলুদা ও তপসের প্রকৃত নাম লেখো। এই চরিত্র দুটি কার সৃষ্টি?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'খিচুড়ি' কবিতার অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।

খ) 'ইচ্ছামতী' গল্প অবলম্বনে রাজার সাথে সিংহ ও দৈত্যের যুদ্ধের বর্ণনা দাও।

গ) " ভারি মজা ভারি মজা, রাজা খেলেন ব্যাঙ ভাজা"— রাজা কেন কীভাবে ব্যাঙ ভাজা খেলেন তা লেখো।

ঘ) "... পেছনে হয়তো আরও অনেক গভীর চক্রান্ত হয়েছে"— কোন গল্প থেকে নেওয়া হয়েছে? বরদাচরণ কীভাবে চক্রান্তের কিনারা করেছে, তা গল্প অনুসারে লেখো।

ঙ) 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজার কী পরিণতি হয়েছিল তা লেখো।

চ) 'ন' পাড়ার মোক্ষদা দিদির ঘরে একটি জিনিস চুরি যায়, কীভাবে চোরকে ও চোরাই দ্রব্যটিকে খুঁজে পাওয়া গিয়েছিল?



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বিচার ব্যবস্থার প্রতি বিদ্রোহ কীভাবে আপাত হাস্যের মধ্যে দিয়ে কবি ব্যক্ত করেছেন, তা 'একুশে আইন' কবিতা অবলম্বনে লেখো।

খ) "সেদিন তাদের ধৈর্য্যের বাঁধ ভেঙে পড়ল'— সেদিন বলতে কোন দিনের কথা বলা হয়েছে? কাদের ধৈর্য্যের বাঁধের কথা বলা হয়েছে? তাদের ধৈর্য্যের বাঁধ ভেঙে পড়ার কারণ কী? ২+১+৭

গ) 'খিঁচুড়ি' কবিতায় কবি বিভিন্ন প্রকার জীবজন্তুর যে অদ্ভুত সম্মিলনের ইঙ্গিত দিয়েছেন উদ্ধৃতিসহ তা ব্যাখ্যা করো।

ঘ) 'নীলকমল আর লালকমল' গল্পটিতে কখনও রোমাঞ্চ, কখনও ভয় আবার কখনও কৌতুকময়তার সংমিশ্রণ দেখা গেছে— গল্পের নিরিখে সেই বিষয়ে আলোকপাত করো।

---